

মায়ানমার এবং চিন সফরে প্রধানমন্ত্রী (সেপ্টেম্বর ৩-৭, ২০১৭)

১) চিন গণ প্রজাতন্ত্রের প্রেসিডেন্টের আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী চিনের ফুজিয়ান প্রদেশের শীম্যান সফর করবেন সেপ্টেম্বর ৩-৫, ২০১৭, নবম ব্রিকস শিখর সম্মেলনে যোগ দেওয়ার জন্য।

২) এর পর প্রধানমন্ত্রী মায়ানমারে একটি রাষ্ট্রীয় সফর করবেন সেপ্টেম্বর ৫-৭, ২০১৭, মায়ানমার প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মহামান্য ইউ হিতিন কিয়াও-এর আমন্ত্রণে। এটাই প্রধানমন্ত্রী মোদীর মায়ানমারে প্রথম দ্বিপাক্ষিক রাষ্ট্রীয় সফর। সফরকালে প্রধানমন্ত্রী স্টেট কাউন্সিলর আন সান সু কি-এর সঙ্গে পারস্পরিক স্বার্থজনিত বিষয় নিয়ে বৈঠক করবেন এবং এ ছাড়াও সাক্ষাৎ করবেন প্রেসিডেন্ট ইউ হিতিন কিয়াওয়ের সঙ্গে। রাজধানী নে পি দো-তে তাঁর কাজ শেষ হলে তিনি সফর করবেন ইয়াঙ্গন এবং বাগান।

নয়াদিল্লি

অগস্ট ২৯, ২০১৭